

# ৭নং পরমেশ্বরদী ইউনিয়ন পরিষদ

অফিস : তামারহাজী, ডাকঘর : জয়পাশা  
উপজেলা : বোয়ালমারী, জেলা : ফরিদপুর।

সূত্র : পরমেইউপি/বোয়াল/ফরিদ-২০২৩ (৯৬)

তারিখঃ ২৭/০৭/২০২৩ খ্রিঃ

## জুলাই ২০২৩ মাসের আইন-শৃংখলা সভার কার্যবিবরণী

সভার স্থান : পরমেশ্বরদী ইউনিয়ন পরিষদ (অস্থায়ী) কার্যালয়  
তারিখ : ২৭/০৭/২০২৩ খ্রিঃ সময় : সকাল ১১.০০ টা।

### উপস্থিতি

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মান্নান মাতুব্বর	চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২	রানী বেগম	ইউপিসদস্য সংরক্ষিত-১	স্বাক্ষরিত
০৩	জোবেদা বেগম	ইউপিসদস্য সংরক্ষিত-২	স্বাক্ষরিত
০৪	ইতি বেগম	ইউপিসদস্য সংরক্ষিত-৩	স্বাক্ষরিত
০৫	আলম শেখ	ইউপিসদস্য সাধারণ- ১	স্বাক্ষরিত
০৬	প্রবীন কুমার রায়	ইউপিসদস্য সাধারণ- ২	স্বাক্ষরিত
০৭	পলিম সেক	ইউপিসদস্য সাধারণ- ৩	স্বাক্ষরিত
০৮	সৈয়দ বালা মিয়া	ইউপিসদস্য সাধারণ- ৪	স্বাক্ষরিত
০৯	মোঃ অলিয়র রহমান শরীফ	ইউপিসদস্য সাধারণ- ৫	স্বাক্ষরিত
১০	কামাল মিয়া	ইউপিসদস্য সাধারণ- ৬	স্বাক্ষরিত
১১	আলীমুজ্জামান ফকির	ইউপিসদস্য সাধারণ- ৭	স্বাক্ষরিত
১২	প্রদীপ মন্ডল	ইউপিসদস্য সাধারণ- ৭	স্বাক্ষরিত
১৩	আশোক কুমার ঠাকুর	ইউপিসদস্য সাধারণ- ৯	স্বাক্ষরিত
১৪	মোঃ জাফর মোল্যা	ইউপিসচিব	স্বাক্ষরিত

### সভার আলোচ্য বিষয়

- বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- আইন শৃঙ্খলা বিষয় নিয়ে আলোচনা।
- বিবিধ।

### আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্ন রূপে:

ক্রঃনং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভাপতি সাহেব সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এর পর তিনি বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান। এতে কারো কোন আপত্তি না থাকায় তাহা সর্বসম্মত ভাবে গৃহীত হয়। সভাপতি সাহেব সকলকে আলোচ্য বিষয় সমূহ সম্পর্কে প্রাণোবস্ত আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান।	উক্ত প্রস্তাব সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয়	জনাব মান্নান মাতুব্বর চেয়ারম্যান, পরমেশ্বরদী ইউপি।
০২	<b>আইন শৃঙ্খলা বিষয় নিয়ে আলোচনাঃ</b> সভাপতি সাহেব জানান যে, আমাদের পরমেশ্বরদী ইউনিয়নের বিভিন্ন এলাকায় আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি হচ্ছে। এ বিষয়ে সদস্যদের মতামত প্রদানের	আইন শৃঙ্খলা বিষয়ে সকল সদস্যকে সজাগ থাকতে হবে এবং কোন কারনে আইন শৃঙ্খলার অবনতি ঘটলে	জনাব মান্নান মাতুব্বর চেয়ারম্যান,

<p>জন্য আহ্বান করা হয়। সদস্যদের মধ্যে থেকে প্রবীন কুমার সদস্য ২ নং ওয়ার্ড জানান যে, আমাদের ইউনিয়নের বিভিন্ন এলাকায় দুই পক্ষের মধ্যে মারামারি প্রায় লেগে থাকে উক্ত দুই পক্ষ কে আপোষের মাধ্যমে মিমাংশা করার জন্য চেয়ারম্যান সাহেব কে অনুরোধ করেন। এলাকার শান্তির জন্য প্রয়োজনে উপজেলা নির্বাহী অফিসার ও থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা অবগত করা যেতে পারে।</p> <p>৩ নং ওয়ার্ড সদস্য পলিঙ্গ সেক বলেন যে, আমাদের ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে দলাদলি দিন দিন বেড়েই যাচ্ছে। সাধারণ মানুষ আতংকে মধ্যে থাকে। তাই প্রত্যেক ওয়ার্ড সদস্যদের এ বিষয়ে নিজ নিজ নির্বাচিত এলাকায় শান্তি শৃঙ্খলা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা করা আবশ্যিক।</p> <p>দীর্ঘ আলোচনান্তে সভাপতি সাহেব জানান যে, এলাকায় শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সকলকে সক্রিয়ভাবে দায়িত্ব পালন করতে হবে, সাধারণ মানুষকে সচেতন করতে হবে। এলাকায় কোন সন্দেহভাজন ব্যক্তি দেখা গেলে প্রয়োজনে উপজেলা নির্বাহী অফিসার বোয়ালমারী, ফরিদপুর এবং অফিসার ইনচার্জ বোয়ালমারী, ফরিদপুর কে অবগত করতে হবে।</p>	<p>উধ্বর্তন কর্মকর্তা কে জানানোর জন্য বলা হল। ইউনিয়নের গ্রাম পুলিশ ও দফাদার স্ব স্ব ওয়ার্ডের নৈশ্য পাহারা দেওয়ার জন্য সন্ধ্যা থেকে ভোর পর্যন্ত বলা গেল। এবং কোন অপরিচিত লোক দেখলে যথাযথ কতৃপক্ষকে অবহিত করার জন্য বলা হলো।</p>	<p>পরমেশ্বরদী ইউপি।</p> <p>জনাব মান্নান মাতুব্বর চেয়ারম্যান, পরমেশ্বরদী ইউপি।</p>
-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	------------------------------------------------------------------------------------

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মান্নান মাতুব্বর  
চেয়ারম্যান  
পরমেশ্বরদী ইউনিয়ন পরিষদ  
বোয়ালমারী, ফরিদপুর।